

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১০৬.০২৭.০৭.০৩.২০৬.২০১৬- ১০৩

তারিখঃ ১৮ ফালুন ১৪২৩।
০২ মার্চ ২০১৭।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এ. কে. এম. আঃ ছালাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বনাথ, সিলেট (সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ০২.১১.২০১৬ তারিখে বিভাগীয় মামলা (বিমা-২২/১৬) রজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৫.১১.২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৬.০২.২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী ইচ্ছন করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত না হলেও একজন জ্যেষ্ঠ কর্মকর্তা হিসেবে সমাপনী পরীক্ষা সংক্রান্ত বিষয়ে তাঁর আরো সচেতন হওয়া প্রয়োজন ছিল এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (এ) উপবিধি মোতাবেক জনাব এ. কে. এম. আঃ ছালাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বনাথ, সিলেট (সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর)-কে 'তিরক্ষার' (Censure) লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৮ ফালুন ১৪২৩।

ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি

মহাপরিচালক

তারিখঃ ১৮ ফালুন ১৪২৩।
০২ মার্চ ২০১৭।

স্মারক নং- ৩৮.১০৬.০২৭.০৭.০৩.২০৬.২০১৬- ১০৩/১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঁ:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলোঁ।)
৫. উপপরিচালক (তৎ ও শৃং/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর/সিলেট বিভাগ।
৭. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওরেব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলোঁ।)
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর/সিলেট।
৯. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বিশ্বনাথ, সিলেট।
১০. জনাব এ. কে. এম. আঃ ছালাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বনাথ, সিলেট (সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর)।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তৎ ও শৃং)